

ফ্যামিলি জাস্টিস পরিষেবাতে অ্যাক্সেস বৃদ্ধি

ডিসেম্বর 1, 2023

নতুন ফ্যামিলি জাস্টিস নীতি অ্যালবার্টানদের পক্ষে পারিবারিক আদালতের কাজকর্ম সহজ করে তুলবে।

পারিবারিক সমস্যাাদি আদালতের বাইরে নিষ্পত্তি করলে তা শিশু ও পরিবারের উপর চাপ কমাতে পারে। অ্যালবার্টার সরকার অ্যালবার্টানদের, বিশেষ করে যারা তালাক, দাম্পত্য সহায়তা চুক্তি, প্যারেন্টিংয়ের বন্দোবস্ত বা চাইল্ড সাপোর্ট অর্ডারের মতো বিষয়াদি নিজেরাই মোকাবেলা করছেন তাদেরকে সহায়তা প্রদানের জন্য পারিবারিক আইনসংশ্লিষ্ট সমস্যাাদি দ্রুত সমাধান করতে ফ্যামিলি জাস্টিস সিস্টেমকে উন্নত করেছে।

বর্তমানে, ফ্যামিলি জাস্টিস পরিষেবাদি বিভিন্ন আদালতে বিভিন্ন ধরনের এবং কোনো নির্দিষ্ট পরিষেবাতে অ্যালবার্টানদের অ্যাক্সেস নির্ভর করে তাদের মামলাটি কোন আদালতে চলছে অথবা কোন আইন অনুসারে চলছে তার উপর। নতুন ফ্যামিলি জাস্টিস নীতিতে অ্যালবার্টা কোর্ট অফ জাস্টিস এবং কোর্ট অব কিংস বেঞ্চ অব অ্যালবার্টা পরিষেবাগুলিকে সামঞ্জস্যপূর্ণ করতে সহায়তা করবে, যাতে অ্যালবার্টানরা যে আদালতেই হোক না কেন একই ধরনের পরিষেবা পেতে পারেন। অ্যালবার্টার সরকার এই নীতি প্রণয়নের জন্য অ্যালবার্টা কোর্ট অফ জাস্টিস এবং কোর্ট অব কিংস বেঞ্চ অব অ্যালবার্টা-র সঙ্গে একত্রে কাজ করেছে।

"অ্যালবার্টার সরকার ফ্যামিলি জাস্টিস সিস্টেমকে আরও সহজলভ্য করে তুলছে, যাতে ইতোমধ্যেই পারিবারিক আইন বিষয়ক ঝামেলায় কঠিন সময় পার করছেন এমন অ্যালবার্টানদের উপর চাপ কমানো যায়। আমরা প্রাক-আদালত পরিষেবাদির আওতা বৃদ্ধি করছি যাতে অ্যালবার্টানরা নালিশ দায়ের করা কিংবা আদালতে যাওয়ার আগেই বিভিন্ন পরিষেবাতে অ্যাক্সেস পেতে পারেন।"

মিকি আমেরি, বিচার বিষয়ক মন্ত্রী ও অ্যাটর্নি জেনারেল

এডমন্টন ও ক্যালগারি-তে প্রাক-আদালত পরিষেবাদি সম্প্রসারণের জন্য ফ্যামিলি জাস্টিস নীতি-কে 2023 সালের বাজেট থেকে 5 মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে সহায়তা প্রদান করা হয়েছে। বিরোধ নিষ্পত্তির বিকল্প পন্থা, পারিবারিক আদালতের পরামর্শদাতা এবং প্যারেন্টিংয়ে হস্তক্ষেপের ব্যবস্থাসহ এই পরিষেবাদি থেকে অ্যালবার্টানরা পারিবারিক বিষয়াদি আদালতের বাইরে নিষ্পত্তি করতে চান কিনা সেই সিদ্ধান্ত নিতে সহায়তা পাবেন, অথবা তারা আদালতে যাওয়ার সিদ্ধান্ত নিলে সেক্ষেত্রে প্রক্রিয়াটি আরও ভালভাবে বুঝতে সহায়তা পাবেন।

এছাড়াও, অ্যালবার্টার সরকার পারিবারিক আইন সংক্রান্ত বিষয়ে অ্যালবার্টানদের তথ্য প্রদানের জন্য একটি ফ্যামিলি রেজোলিউশন হাব অনলাইন টুল চালু করেছে। ফ্যামিলি রেজোলিউশন হাবটি বিবাহবিচ্ছেদ প্রক্রিয়া শুরু করা, অভিভাবকত্বের জন্য আবেদন করা কিংবা প্যারেন্টিং বন্দোবস্ত নিয়ে পুনরালোচনা করাকালীন সময়ে অ্যালবার্টানদের পক্ষে বিকল্প পন্থা ও পরবর্তী পদক্ষেপগুলি খুঁজে দেখার এক নতুন উপায় হয়ে উঠবে। ডিসেম্বর মাসে এই প্ল্যাটফর্মটি প্রদেশজুড়ে অ্যালবার্টানদের জন্য চালু করা হবে।

"পরিবারগুলিকে সহায়তা প্রদানের জন্য সমন্বিত প্রচেষ্টা অবশ্যই ভালো কাজ। আমরা ফ্যামিলি জাস্টিস নীতিতে পরিষেবা প্রদান মডেলের কর্মপদ্ধতির ভূয়সী প্রশংসা করি, যা বিরোধ নিষ্পত্তির বিকল্প সংস্থানসমূহ এবং যোগ্যতাসম্পন্ন মিমিংসাকারীদের সাথে যোগাযোগ স্থাপনে সহায়তা করবে। আমরা অ্যালবার্টায় বসবাসকারী পরিবারগুলির উন্নতি ও অগ্রগতির সহযোগী হওয়ার জন্য অতীব আগ্রহী।"

লিন কিং, নির্বাহী পরিচালক, অন্টারনেটিভ ডিসপুট রেজোলিউশন ইন্সটিটিউট অব অ্যালবার্টা

“অ্যালবার্টার আদালতগুলিতে চালু হতে যাওয়া নতুন ফ্যামিলি জাস্টিস নীতি সেইসব পিতামাতাকে তাদের সমস্যাগুলি কোনো বৈরিতা ছাড়াই আরো বেশি পরিবার-বান্ধব উপায়ে সমাধান করার সুযোগ এনে দেবে, যারা তাদের কো-প্যারেন্টিং এবং সংশ্লিষ্ট বিষয়গুলি বুঝতে অসুবিধায় রয়েছেন। পারিবারিক বিরোধ নিষ্পত্তি, বেশিরভাগ ক্ষেত্রে, পরিবারগুলির আর্থিক ব্যয় ও মানসিক যন্ত্রণাকে উল্লেখযোগ্যভাবে কমায়, সেইসাথে সমাধানে পৌঁছানোর ক্ষেত্রে সময়ও বাঁচায়।”

শ্যারন জে. ফুকস, বোর্ড চেয়ারম্যান, অ্যালবার্টা ফ্যামিলি মিডিয়েশন সোসাইটি

একনজরে জরুরি তথ্য

- অ্যালবার্টার পারিবারিক আইন সংশ্লিষ্ট মামলাগুলি কোর্ট অব কিংস বেঞ্চ অব অ্যালবার্টা এবং অ্যালবার্টা কোর্ট অফ জাস্টিস-এ শুনানি করা হয়।
- কোর্ট অব কিংস বেঞ্চ অব অ্যালবার্টা-তে প্রতিবছর প্রায় 60,000 নতুন দেওয়ানী ও পারিবারিক মামলা, 9,000 বিবাহবিচ্ছেদ এবং 350 দেওয়ানী ও পারিবারিক বিচার সম্পন্ন হয়।
- অ্যালবার্টা কোর্ট অফ জাস্টিস প্রতিবছর প্রায় 17,000 পারিবারিক ও শিশু সুরক্ষা মামলার শুনানি করে থাকে।

সম্পর্কিত তথ্য

- [বিবাহবিচ্ছেদ ও বিচ্ছেদ পরিষেবা এবং তথ্যাদি](#)

সম্পর্কিত সংবাদ

- [পারিবারিক সমস্যা নিষ্পত্তি পরিষেবাদিতে 5 মিলিয়ন ডলারের সম্প্রসারণ কর্মসূচি](#) (মার্চ 29, 2023)

মিডিয়া অনুসন্ধান

চিনেনেই অনোকৌরু

Chinenye.Anokwuru@gov.ab.ca

(780) 720-1915

সিনিয়র প্রেস সেক্রেটারি, জাস্টিস